**কৃষিই সমৃদ্ধি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০২৭.২২.০০১.১৮-৩৪৩

তারিখ: ২৫ শ্রাবণ ১৪২৫ / ০৯ আগস্ট ২০১৮

**বিষয় : 'কৃষি কাজে ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৮' প্রণয়ন বিষয়ে ২৯ জুলাই ২০১৮ তারিখের আন্ত:মন্ত্রণালয় কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। "কৃষি কাজে ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা আইন, ২০১৮" এর আলোকে **'কৃষি কাজে ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৮'** প্রণয়ন বিষয়ে ২৯ জুলাই ২০১৮ তারিখে কৃষি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের লক্ষ্যে নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

**সংযুক্ত:** বর্ণনা মোতাবেক ০৩(তিন) পাতা।

০৯.০৮.১৮

(মোর্শেদা আক্তার)
উপসচিব
ফোন: ৯৫৭৭৪১৪
ই-মেইল:dsinput1@moa.gov.bd

<u>বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, পরিবেশ,বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, দিলকুশা বা/এ, মতিঝিল, ঢাকা।
৯। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
১০। মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইন্সিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
১১। নির্বাহী পরিচালক, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী।
১২ সভাপতি, গভীর নলকূপ কৃষক কল্যাণ সমিতি, ডাক ও উপজেলা-ফুলবাড়ী, জেলা-দিনাজপুর।

<u>অনুলিপি (অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u> :

০১। সিনিয়র সচিবের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।
০৪। যুগ্মসচিব (উপকরণ)এর ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moa.gov.bd

**'কৃষি কাজে ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা বিধি, ২০১৮' প্রণয়ন বিষয়ে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী**

| | | | |
|---|---|---|---|
| ১.০ | সভার সভাপতি | : | মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ্<br>সিনিয়র সচিব<br>কৃষি মন্ত্রণালয়। |
| ২.০ | সভার তারিখ ও সময় | : | ২৯ জুলাই ২০১৮, বিকেল ৩.০০ ঘটিকা। |
| ৩.০ | সভার স্থান | : | কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |
| ৪.০ | সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা | : | **পরিশিষ্ট-ক।** |

৫.০। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। তিনি "কৃষি কাজে ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা আইন, ২০১৮" গত ২১ জানুয়ারি ২০১৮ তারিখে মহান জাতীয় সংসদে পাশ হয়েছে উল্লেখে আইনটি কার্যকরভাবে বাস্তবায়নের লক্ষ্যে বিধি প্রণয়নের উপর গুরুত্ব আরোপ করেন। অত:পর তিনি সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য যুগ্মসচিব (উপকরণ)-কে অনুরোধ করেন।

৬.০। যুগ্মসচিব (উপকরণ) সভাকে অবহিত করেন যে, মহান জাতীয় সংসদে প্রণীত 'কৃষি কাজে ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা আইন, ২০১৮' এর আলোকে 'কৃষি কাজে ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা বিধি, ২০১৮' এর খসড়া তৈরি করা হয়। প্রণীত খসড়া বিধির উপর সংশ্লিষ্ট ০৭টি মন্ত্রণালয় /বিভাগ ও কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন ০৩টি দপ্তর/ সংস্থার মতামত চাওয়া হয়। এছাড়াও খসড়া বিধিটি কৃষি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করে সর্বসাধারণের মতামত আহ্বান করা হয়। এ পরিপ্রেক্ষিতে মৎস্য ও প্রাণিসম্পদ, খাদ্য, ভূমি ও পানি সম্পদ মন্ত্রণালয় এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ ও বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট হতে লিখিত মতামত প্রদান করা হয়। এ পর্যায়ে তিনি বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত মতামতসহ খসড়া বিধি সভায় উপস্থাপন করেন।

৭.০। সভায় উপস্থিত বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ এবং কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/ সংস্থার প্রতিনিধিগণ খসড়া বিধির উপর আলোচনায় অংশগ্রহণ করে তাদের মতামত প্রদান করেন। সভায় পানি সম্পদ মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান যে, পানি সম্পদ মন্ত্রণালয় হতে খসড়া বিধির বিষয়ে লিখিত মতামত প্রদান করা হয়েছে। তিনি "লাইসেন্স প্রদান" সংক্রান্ত বিধি-৭ এর উপবিধি-১ এ নতুন একটি অনুচ্ছেদ "আবেদনকৃত নলকূপ স্থাপন দ্বারা যদি ভূগর্ভস্থ পানির মজুদ ও এর গুণাগুনে কোন ক্ষতিকর প্রভাব না পড়ে তাহলে অনাপত্তি/লাইসেন্স প্রদান করা যাবে" অন্তর্ভুক্তকরণের অনুরোধ করেন। সভায় পর্যালোচনাক্রমে পানি সম্পদ মন্ত্রণালয়ের মতামতটি গ্রহণ করা যেতে পারে মর্মে একমত পোষণ করা হয়।

৮.০। বিএমডিএ এর প্রতিনিধি বিধি-১০(১)(খ)-তে "লাইসেন্স প্রাপ্তির ১(এক) বছরের মধ্যে নলকূপ স্থাপন করিতে হইবে" মর্মে অন্তর্ভুক্তির জন্য মতামত ব্যক্ত করেন। আলোচনাক্রমে বিএমডিএ এর মতামতটি গ্রহণযোগ্য মর্মে সভায় সহমত পোষণ করা হয়।

৯.০। সভাপতি আলোচ্য বিধিমালা-কে 'বিধি' হিসেবে অভিহিতকরণ এবং খসড়া বিধির মৌলিক বিষয়সমূহ অপরিবর্তিত রেখে ভাষাগত উৎকর্ষ সাধন প্রয়োজন মর্মে অভিমত ব্যক্ত করেন। এছাড়াও তিনি তফশিল-১ এর ক্রমিক ৫-এ বর্ণিত দু'টি নলকূপের পারস্পরিক দূরত্ব নির্ধারণের বিষয়ে পানি সম্পদ মন্ত্রণালয়ের মতামত গ্রহণের পরামর্শ প্রদান করেন।

১০। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

**সিদ্ধান্ত:**

(ক) খসড়া বিধিতে "লাইসেন্স প্রদান" সংক্রান্ত বিধি-৭ এর উপবিধি-১-এ নতুন একটি অনুচ্ছেদ অন্তর্ভুক্তকরণের বিষয়ে পানি সম্পদ মন্ত্রণালয়ের মতামত এবং বিধি-১০(১)(খ) বিষয়ে বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষের মতামত অন্তর্ভুক্ত করতে হবে;

(খ) প্রস্তুতকৃত খসড়া বিধির মৌলিক বিষয়সমূহ অপরিবর্তিত রেখে ভাষাগত উৎকর্ষ সাধনপূর্বক খসড়া চূড়ান্ত করতে হবে;

(গ) খসড়া বিধির তফশিল-১ এর ক্রমিক ৫-এ বর্ণিত দুইটি নলকূপের পারস্পরিক দূরত্ব নির্ধারণের বিষয়ে পানি সম্পদ মন্ত্রণালয়ের মতামত গ্রহণপূর্বক খসড়ায় অন্তর্ভুক্ত করতে হবে; এবং

(ঘ) সভার আলোচনার আলোকে 'কৃষি কাজে ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা বিধি, ২০১৮' এর খসড়া পরিমার্জন করত: উপস্থাপন করতে হবে।

১১। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৫.০৮.২০১৮

(মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ্)
সিনিয়র সচিব
কৃষি মন্ত্রণালয়।

'পরিশিষ্ট-ক' ৭০৪

'কৃষি কাজে ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৮' প্রণয়ন বিষয়ে ২৯ জুলাই, ২০১৮ তারিখে কৃষি মন্ত্রণালয়ের অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভায় কর্মকর্তা/প্রতিনিধিগণের উপস্থিতিঃ

| ক্রঃ নং | কর্মকর্তা/প্রতিনিধির নাম ও পদবি | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/ সংস্থার নাম | মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | মো: সিরাজুল হায়দার অতিরিক্ত সচিব | কৃষি মন্ত্রণালয় | | [স্বাক্ষর] ২৯/৭/২০১৮ |
| ২. | মো: [illegible] যুগ্ম সচিব | কৃষি মন্ত্রণালয় | | [স্বাক্ষর] ২৯/৭/১৮ |
| | | | | |
| | | | | |
| ৩. | ড. [illegible] করিম যুগ্ম- সচিব | খাদ্য মন্ত্রণালয় | | [স্বাক্ষর] ২৯/৭/২০১৮ |
| ৪. | নন্দিতা সরকার উপস | পাউবো | | [স্বাক্ষর] ২৯/৭/১৮ |
| ৫. | [illegible] উপ সচিব | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন | ০১৭১৩৫০০৩৬২৭ | [স্বাক্ষর] ২৯/০৭/১৮ |
| ৬. | মো: [illegible] প্রধান প্রকৌশলী (নির্মাণ) | বিএডিসি | ০১৭১২৯৯৮৮০৬ | [স্বাক্ষর] ২৯/৭/১৮ |
| ৭. | ড. [illegible] মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা | বিএআরআই | ০১৭১২৯৯০৬৬০ abeda62@yahoo.com | [স্বাক্ষর] ২৯/৭/১৮ |
| ৮. | মো: [illegible] নির্বাহী পরিচালক | বিএমডিএ | ০১৭১২২৮৪[illegible] bmdahq@bmda.gov.bd | [স্বাক্ষর] ২৯/৭/১৮ |
| ৯. | মো: আব্দুল লতিফ নির্বাহী প্রকৌ: (পরিকল্পনা) | বিএমডিএ | ০১৭১২৫০৩৮১২ latifbmda1968@gmail.com | [স্বাক্ষর] ২৯/৭/১৮ |
| ১০. | অধ্যাপক শাহ ইলিয়াছুর রহমান | সভাপতি জাতীয় নলকূপ কৃষক কল্যাণ সমিতি | 01716-113221 | [স্বাক্ষর] ২৯/৭/১৮ |
| ১১. | উমর ফারুক | সাধারণ সম্পাদক জাতীয় নলকূপ কৃষক কল্যাণ সমিতি | 01712315601 | [স্বাক্ষর] ২৯/৭/১৮ |
| ১২. | মিজানুর রহমান গবেষণা কর্মকর্তা | এফপিএমইউ খাদ্য মন্ত্রণালয় | | [স্বাক্ষর] ২৯/৭/১৮ |

| ক্রঃ নং | কর্মকর্তা/প্রতিনিধির নাম ও পদবি | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/ সংস্থার নাম | মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১৩. | মোহাঃ আবু সাঈদ<br>সহকারী পরিচালক | পবিসং | 01713063569 | [signature] |
| ১৪. | মোঃ নাসিরুজ্জামান<br>চেয়ারম্যান | বিএডিসি | | নাসিরুজ্জামান |
| ১৫. | শেখ মনিরুজ্জামান<br>উপসচিব | এলজিডি | ০১৯১১৬৮৮৭৯৪<br>lgdwatersupply3@gmail.com | [signature]<br>২৯/৭/১৮ |
| ১৬. | মোর্শেদা আক্তার<br>উপসচিব | কৃষি মন্ত্রণালয় | | [signature]<br>২৯/০৭/১৮ |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |